

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নম্বর ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.১৯০

তারিখঃ ১৯ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ইউজিসি স্বর্ণপদক ২০২০ এর জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২০-এর জন্য নিম্নবর্ণিত শর্তে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন;
- ২) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে;
- ৩) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২০ সালে প্রকাশিত হতে হবে, কোনো পুনঃমুদ্রণ গ্রহণযোগ্য হবে না;
- ৪) বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং রিভিউ আর্টিকেল এই স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;
- ৫) প্রবন্ধ যদি যৌথ প্রকাশনা হয় সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক বা সর্বশেষ লেখক অন্যান্য সহলেখকগণের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন;
- ৬) পুস্তকের ক্ষেত্রে একাধিক লেখক হলে যৌথভাবে আবেদন করতে হবে;
- ৭) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে জীবনবৃত্তান্ত জমা দিতে হবে;
- ৮) প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি জমা দিতে হবে;
- ৯) বাংলা ও ইংরেজিতে অনধিক ২০০ শব্দের মধ্যে Abstract (সারাংশ) জমা দিতে হবে;
- ১০) প্রবন্ধের Soft কপি director\_research@ugc.gov.bd-এ অবশ্যই জমা দিতে হবে;
- ১১) সকল আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৫ ডিসেম্বর ২০২১ সাল-এর মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে;
- ১২) নীতিমালা, সম্মতিপত্রের নমুনা ও আবেদনপত্রের ছক বন্ধনীতে উদ্ধৃত (www.ugc.gov.bd) ইউজিসির ওয়েব সাইটে সম্মাননা সেবাবক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেওয়া আছে।

স্বাক্ষরিত/-

মো. কামাল হোসেন

পরিচালক(রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ)

(আবেদনপত্র আগামী ৩০-১১-২০২১ তারিখের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/১১৫২

তারিখঃ ২৭-১০-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ..... , শেকৃবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকৃবি (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ৫। পি.এস.টু ভিসি(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৬। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার(ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৭। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা।
- ৮। অফিস কপি।

28/10/21

(আলম তাজ বেগম)

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি) শেকৃবি

ঢাকা-১২০৭।